গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

মুজিববর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

<u>অতীব জরুরী</u>

স্মারক নং-স্বাঃঅধিঃ/প্রশাঃ/এসিআর/বিবিধ/২০২১/২৫১ তারিখঃ- ১৩.০৬.২০২১.

সুত্র নং- ১। গোপনীয় অনুবেদন অনুশাসনমালা ২০২০ {স্মারক নং-০৫.০০.০০০০.১০২.২২.০০১.১৬(অংশ-১)-০৬ তাং-০৭.০১.২০২১}

২। গোপনীয় অনুবেদন ফর্ম পুরন, অনুস্বাক্ষরসহ লিখন, প্রতিস্বাক্ষর ও সংরক্ষণ সংক্রান্ত অনুশাসনমালা ২০১২ (স্মারক নং-০৫.১০২.২২.০১.০০.০০১.২০১২-৫৮ তাং-১৭.০৯.২০১২)

৩। স্বাস্থ্য পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পার-১ অধিশাখা স্মারক নং-৪৫.১৪২.১১৬.০০.০১২.২০১৪-১১৬ তাং-০৮/০২/২০১৬

বিষয় ঃ- প্রযোজ্য সকল বার্ষিক/আংশিক এসিআর যথাসময়ে যথানিয়মে দাখিল ও অপ্রযোজ্যতার তথ্য অবহিতকরণ ।

ক. জনপ্রশাসন মন্ত্রানালয়ের সি আর অধিশাখার "গোপনীয় অনুবেদন ফর্ম পুরন, অনুস্বাক্ষরসহ লিখন, প্রতিস্বাক্ষর ও সংরক্ষণ" সংক্রান্ত অনুশাসনমালা ২০১২ এর ধারা ১.৪.২ অনুযায়ী আংশিক গোপনীয় অনুবেদন দাখিল বাধ্যতামুলক যা গোপনীয় অনুবেদন অনুশাসনমালা ২০২০ এর ধারা ২.২.২ এবং ৩.১.৩ এ বিষয়টিকে আরও গুরত্ব আরোপ করেছে এবং ব্যর্থতায় গোপনীয় অনুবেদনে প্রাপ্ত নম্বর আনুপাতিক হারে কমে যাওয়ার বিষদ ব্যাখা করা হয়েছে।

খ. গোপনীয় অনুবেদন অনুশাসনমালা ২০২০ এর ধারা ২.৬.৫ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর, ও প্রতিস্বাক্ষরের ব্যর্থতা সংশ্লিষ্ট কর্মচারীর "অসাদাচরণ হিসেবে গন্য হবে এবং তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহন করা যাবে। তবে অনিবার্য কারনবশত বিলম্বের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারীর দাখিল করা প্রমানক যাচাই সাপেক্ষে ডোসিয়ার সংরক্ষণকারী স্ব স্ব নিয়ন্ত্রণকারী মন্ত্রানালয়/বিভাগ/সংস্থার প্রধানের অনুমোদন ক্রমে নির্ধারিত সময়ের পরবর্তী এক মাস পর্যন্ত উক্ত গোপনীয় অনুবেদন গ্রহন করতে পারবেন।

ধারা ৩.১.৮ অনুযায়ী অসম্পূর্ণ গোপনীয় অনুবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

ধারা ৩.১.৯ অনুযায়ী নির্ধারিত সময়ের পর অনুবেদনাধীন কর্মকর্তার দাখিলকৃত গোপনীয় অনুবেদন সরাসরি বাতিল হিসাবে গন্য হবে এবং বিষয়টি উল্লেখপূর্বক অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারীকে তা অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষরবিহীন অবস্থায় ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।

ধারা ৩.২.১ অনুযায়ী অনুবেদনকারী গোপনীয় অনুবেদন ফর্মের ৩য় অংশের ১১ নং ক্রমিকে তাঁর নিয়ন্ত্রণে অনুবেদনাধী কর্মচারীর প্রকৃত কর্মমেয়াদ এবং অন্যান্য তথ্য সঠিকভাবে সন্নিবেশিত করা হয়েছে কিনা তা নিশ্চিত হয়ে অনুস্বাক্ষর করবেন।

গ ধারা ৩.৪.৫ অনুযায়ী সরকার কর্তৃক অন্য কোনো নির্দেশনা না থাকলে কোনো বছরের এসিআর পরবর্তী বছরের এপ্রিল মাসের পরে ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের দপ্তরে পাওয়া গেলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

উল্লেখ্য যে, কোভিড-১৯ এর প্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয় সিআর ৩-শাখা স্মারক নং-০৫.০০.০০০০.১০২.২২.০০১.১৬-৩৭ তারিখ ঃ-০৯/০৮/২০২০ইং অনুযায়ী ২০১৯ সনের এসিআর সংরক্ষণকারী কর্তৃপক্ষের দপ্তরে পৌছাঁনোর সময়সীমা ৩১ শে আগষ্ট ২০২০ পর্যন্ত বর্ধিত করা সত্ত্বেও অদ্যাবধি উল্লেখযোগ্য সংখ্যক কর্মকর্তার ২০১৯ এর এসিআর অত্র দপ্তরে প্রেরণ করা হয়নি। এমতাবস্থায় বিলম্বের কারন উল্লেখপূর্বক আগামী ৭ কর্মদিবসের মধ্যে যথাযথ অগ্রায়ন পত্রসহ উক্ত ২০১৯ এর এসিআর আবশ্যিকভাবে অত্র দপ্তরে পৌছাঁনোর নির্দেশনা দেওয়া হইল। উক্ত সময়ের পর ২০১৯ এর পূর্ববর্তী কোন এসিআর গ্রহন করা হবেনা এবং তা বাতিল বলে বিবেচিত হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

মুজিববর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

ঘ. ধারা ২.৬.৫ অনুযায়ী অত্র দপ্তরে এসিআর পৌছানোর সময়সীমা ইতিমধ্যে অতিবাহিত হয়েছে কিন্তু কোভিড-১৯ সংক্রান্ত কারনে জনপ্রশাসন মন্ত্রণালয় সিআর ৩-শাখা স্মারক নং-০৫.০০.০০০০.১০২.২২.০০১.১৬ (অংশ-২)-১০ তারিখ ঃ-২৩/০৫/২০২১ইং অনুযায়ী সময়সীমা ৩০/০৬/২০২১ পর্যন্ত বর্ধিত করায় ২০২০ সনের এসিআর আগামী ৩০/০৬/২০২১ মাসের মধ্যে অত্র দপ্তরে পৌছানোর নির্দেশনা দেয়া হল। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ভিন্ন কোন নির্দেশনা জারী না হলে উক্ত সময়ের পর প্রেরিত এসিআর গ্রহন ও সংরক্ষণে অত্র দপ্তর দায়ী থাকবেন না। বিধিমতে উক্ত এসিআর বাতিল বিবেচিত হইবে।

ঙ. ধারা ৪.৬.৩ মতে অনুবেদনাধীন কর্মকর্তা অনুবেদনকারী প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাগণ তাহ্যদের স্বাক্ষরের সহিত পূর্ন নাম, পদবী ও কোড নং আবশ্যিকভাবে উল্লেখ করবেন।

চ. কোন বৎসর/সময়ের এসিআর প্রযোজ্য না হলে প্রমাণকসহ লিখিতভাবে যথাসময়ে ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষকে অবহিত করতে হবে (অনঃ ২.৭)

ছ. স্বাস্থ্য পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পার-১ অধিশাখা স্মারক নং-৪৫.১৪২.১১৬.০০.০১২.২০১৪-১১৬ তাং-০৮/০২/২০১৬ সূত্র মোতাবেক কোর্সে থাকা কর্মকর্তাগণের সংশ্লিষ্ট সময়ের জন্য এসিআর এর পরিবর্তে প্রোগ্রেস রিপোর্ট যথাযথ ভাবে পূরন পূর্বক সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অগ্রায়নপত্র সহ যথাসময়ে প্রেরণ করবেন।

এমতাবস্থায়, আপনার অধীনস্থ এবং নিয়ন্ত্রণাধীন কর্মকর্তাগণের গোপনীয় অনুবেদন অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষরের পূর্বে দাখিলকৃত/অনুস্বাক্ষরিত গোপনীয় অনুবেদনের প্রকৃত সময়কাল বা প্রকৃত অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী যাচাই পূর্বক নিশ্চিত হয়ে অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষর করার জন্য অনুরোধ করা হ'ল।

বিষয়টিতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

13/6/2021
(ডাঃ শেখ মোহাম্মদ হাসান ইমাম)
পরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

স্মারক নং-স্বাঃঅধিঃ/প্রশাঃ/এসিআর/বিবিধ/২০২১/২৫১

তারিখ ঃ- ১৩.০৬.২০২১

বিষয়টি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হল ঃ (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ ঃ-সহকারী পরিচালক, সমন্বয়)
২) মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ ঃ-সহকারী পরিচালক, সমন্বয়)
৩) অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন/পরিকল্পনা ও গবেষণা উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪) পরিচালক/লাইন ডাইরেক্টর, ------------------------------------------------সকল, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫) পরিচালক (স্বাস্থ্য), ------------------------------------------------------------------------------------------সকল।
৬) অধ্যক্ষ, মেডিকেল কলেজ, -----------------------------------------------------------------------------------সকল।
৭) অধ্যক্ষ, ম্যাটস/আইএইচটি------------------------------------------------------------------------------------সকল।
৮) তত্ত্বাবধায়ক/সিভিল সার্জন,----------------------------------------------------------------------------------সকল।
৯) সহকারী পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। উক্ত বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।
১০) সহকারী পরিচালক/ভারপ্রাপ্ত কর্মকর্তা, টিবি ক্লিনিক-------------------------------------------------------------সকল।
১১) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা--------------------------------------------------------------সকল।
১২) স্বায়ত্বশাসিত ও বেসরকারী পোষ্ট গ্রাজুয়েট প্রতিষ্ঠান---------------------------------------------------------সকল।
১৩) অফিস কপি।

13/06/2021
ডাঃ মুহাম্মদ হাবিবুর রহমান
সহকারী পরিচালক (এসিআর)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

Aplication